

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

অন-চ্যাসিস ডেলিভারী নেয়া কন্টেইনার Survey করা ও Damage Charge নির্ধারণ বিষয়ে গত ২০/০৯/২০১৮ইং তারিখ পরিচালক (ট্রাফিক), চবক ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মধ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে নিম্নে প্রদত্ত হলো।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান

সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বিষয়ঃ- গত ১১/০৯/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্টদের সাথে ২০/০৯/২০১৮ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকায় পরিচালক (ট্রাফিক), চবক মহোদয়ের সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

ক্রমিক নং	সিদ্ধান্তসমূহ	কার্যক্রম গ্রহণকারী/ বাস্তবায়নকারী/ দপ্তর/বিভাগ
৭.১)	শিপিং এজেন্ট আমদানিকারকের নিকট হতে Container এর Demurrage চার্জ আদায়ের ক্ষেত্রে বন্দর ঘোষিত Common Landing date হতে free time গণনা করবে। বন্দর হতে এ সংক্রান্ত একটি সার্কুলার জারী করা হবে।	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, শিপিং এজেন্ট ও আমদানিকারক।
৭.২)	বড় বড় আমদানিকারক যেমন, বিএসআরএম, কেএসআরএম, আবুল খায়ের কর্তৃক যে সমস্ত Container তাদের নিজস্ব চতুরে নিয়ে ডেলিভারী দিবে তাদের ক্ষেত্রে নিম্নমতে ব্যবস্থা গ্রহণ করতে হবে; (ক) আমদানিকারক এবং শিপিং এজেন্ট এর স্ব-স্ব Standard Surveyor থাকবে। তারা Joint Survey করে Container Damage/Clean Report দিবে। Container Damage এর ক্ষেত্রে Extent of Damage এর ভিত্তিতে Surveyor Repairing Cost নির্ধারণ করে দিবে। (খ) Container Damage এর ক্ষেত্রে আমদানিকারক এবং শিপিং এজেন্ট Security Money চেক বা Pay Order কোন উপায়ে নিবে তা যৌথ আলোচনার মাধ্যমে ঠিক করবেন। Pay Order হোক বা চেকে হোক Security Money Per Container ৫,০০০/- টাকার বেশি নেয়া যাবে না।	

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

ক্রমিক নং	সিদ্ধান্তসমূহ	কার্যক্রম গ্রহণকারী/ বাস্তবায়নকারী/ দপ্তর/বিভাগ
	<p>(গ) Damage এর পরিমাণ উল্লেখ করে Joint Survey এর মাধ্যমে প্রস্তুতকৃত Survey Report দাখিল সাপেক্ষে শিপিং এজেন্ট এজেন্ট আমদানিকারককে ০৩(তিন) দিনের মধ্যে Security Money Refund করবে।</p> <p>(ঘ) Joint Survey এর মাধ্যমে প্রস্তুতকৃত Report এ Damage উল্লেখ থাকলে শিপিং এজেন্ট Damage cost কর্তন করে অবশিষ্ট টাকা আমদানিকারককে ফেরত দিবে।</p> <p>(ঙ) আমদানিকারকগণ Surveyor কর্তৃক Joint Survey এর মাধ্যমে Clean Survey Report প্রাপ্তি সাপেক্ষে খালি কন্টেইনার সরাসরি জাহাজে Shipment করতে পারবে, এক্ষেত্রে জেটিতে যাতে Congestion না হয় সেজন্য টার্মিনাল ম্যানেজার এর সাথে যোগাযোগ করে অগ্রিম জাহাজের নাম, বার্থের নাম, sailing date and Time ইত্যাদি জেনে Shipment এর জন্য Program set করতে হবে। স্ব-স্ব আমদানিকারক শিপিং এজেন্ট এবং বার্থ অপারেটরদের এ বিষয়টি অগ্রিম অবহিত করবেন।</p>	
৭.৩)	বন্দর অভ্যন্তরে Container Damage এর ক্ষেত্রে বন্দর কর্তৃপক্ষ কর্তৃক ০১ (এক)টি কমিটি গঠন করা দেয়া হবে। শিপিং এজেন্ট এবং আমদানিকারকের স্ব-স্ব Surveyor থাকবে। Joint Survey করে Report এ Container Damage পাওয়া গেলে Damage এর জন্য দায়ী পক্ষ হতে ক্ষতিপূরণ কমিটি আদায় করে দিবে। তবে শর্ত থাকে যে, শিপিং এজেন্ট কর্তৃক কন্টেইনার Damage বাবদ আমদানিকারকদের নিকট থেকে সিকিউরিটি মানি হিসাবে ৫,০০০/- টাকা নেয়া যাবে না।	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, শিপিং এজেন্ট ও আমদানিকারক।
৭.৪)	০১টি ট্রেইলারে করে ০২টি ২০' খালি কন্টেইনার শিপমেন্ট এর জন্য প্রেরণ করা যাবে। তবে ট্রেইলারে ০২ কন্টেইনার দুমুখো করে বসাতে হবে যাতে বন্দর নিরাপত্তা সদস্যরা প্রয়োজনীয় চেকিং করতে পারে।	নিরাপত্তা বিভাগ, শিপিং এজেন্ট ও আমদানিকারক।

স্বাক্ষরিত/-

পরিচালক (ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

তারিখ-০১/১০/২০১৮ইং।

নথি নং-ডিটি/শিপ/মিটিং/বিবিধ/২০১৮/৩০৮৫